



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ
www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন: ০২ ৯৯৬৬৯১৫৩৬, ফ্যাক্স: ০২ ৯৯৬৬৯১৫৫০
mail: nupr1992@gmail.com

কর্তৃপক্ষের কার্যালয়
সংস্করণ কেসি কলেজ, ঝিনাইদহ।

কর্তৃপক্ষের কার্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন: ০২ ৯৯৬৬৯১৫৩৬, ফ্যাক্স: ০২ ৯৯৬৬৯১৫৫০
mail: nupr1992@gmail.com

কর্তৃপক্ষের কার্যালয়
সংস্করণ কেসি কলেজ, ঝিনাইদহ।
তারিখ: ২০৬৬
১৭/১১/২৪

১৬ নভেম্বর ২০২৪

সংবাদ বিজ্ঞপ্তি

আগামী শিক্ষাবর্ষ থেকে স্নাতক সম্মান ভর্তি পরীক্ষায় ফিরছে জাতীয় বিশ্ববিদ্যালয় -উপাচার্য অধ্যাপক ড. এ এস এম আমানুল্লাহ

শিক্ষা এবং ডিগ্রির মান উন্নয়নে আগামী শিক্ষাবর্ষ থেকে জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সকল প্রতিষ্ঠানে স্নাতক সম্মানে লিখিত ভর্তি পরীক্ষা নেয়ার ঘোষণা দিয়েছেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ এস এম আমানুল্লাহ। আজ ১৬ নভেম্বর ২০২৪ ঐতিহাসিক বগুড়ার শিবগঞ্জ উপজেলায় ৬ টি কলেজের ছাত্র-শিক্ষক এবং স্থানীয় সৃষ্টিজনদের অংশগ্রহণে গুণগত শিক্ষা এবং ছাত্র-শিক্ষক সম্পর্ক উন্নয়নে আয়োজিত এক সুধী সমাবেশে তিনি এ কথা উল্লেখ করেন।

উক্ত সমাবেশে উপাচার্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রির মান উন্নয়নে এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ইন্ডাস্ট্রি-একাডেমিয়া লিংক উন্নয়নে এ বিশ্ববিদ্যালয়ের সিলেবাস সংস্কারের রূপরেখা উল্লেখ করেন। বিশ্ববিদ্যালয়ের অধীনে সম্মান শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য আইসিটি এবং অন্যান্য সংক্ষিপ্ত টেকনিক্যাল কোর্সের প্রস্তাব করেন তিনি। ছাত্র-ছাত্রীদের আগামীতে স্নাতক সম্মান কোর্সের সাথে সাথে এ সমস্ত যেকোনো একটি টেকনিক্যাল কোর্সে বাধ্যতামূলকভাবে পড়াশোনা করতে হবে। এ লক্ষ্যে বিভিন্ন বিষয়ে কলেজ পর্যায়ে টেকনিক্যাল কোর্স পাঠদানে সব ধরনের সহযোগিতা প্রদান করবে জাতীয় বিশ্ববিদ্যালয়। এছাড়াও ছাত্র-ছাত্রীদের ক্লাসে উপস্থিতির হার বাড়ানো, এসাইনমেন্ট এবং ইনকোর্সগুলোকে মনিটরিংয়ের আওতায় আনা, শিক্ষকদের প্রশিক্ষণ এবং কলেজের লাইব্রেরীগুলোতে পর্যাপ্ত রেফারেন্স বইয়ের উপস্থিতি নিশ্চিতকরণসহ দেশের সর্বস্তরের কলেজসমূহের ভৌত অবকাঠামো উন্নতিকল্পে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভবিষ্যত রূপরেখা তুলে ধরেন। তিনি ২০২৫ সালকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাবর্ষ হিসেবে ঘোষণা দেন এবং এ প্রসঙ্গে তিনি উল্লেখ করেন যে, এই মুহূর্তে জাতীয় বিশ্ববিদ্যালয় যে দ্রুত গতিতে থেমে থাকা পরীক্ষাগুলো আয়োজন করছে তাতে আগামী বৎসরের নভেম্বর ডিসেম্বর নাগাদ এ বিশ্ববিদ্যালয়ের সেশন জট প্রায় ৮০ ভাগ নিয়ন্ত্রণে চলে আসবে। এ ব্যাপারে তিনি শিক্ষক-কর্মকর্তা, ছাত্র-ছাত্রী এবং অভিভাবকদের সহযোগিতা কামনা করেন।

আজ শনিবার সকাল ১০ টায় উপজেলা নির্বাহী কর্মকর্তা তাহমিনা আক্তারের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্যে বগুড়ার শিবগঞ্জ উপজেলার অনুষ্ঠানে তিনি বলেন, জুলাই স্মৃতি ফাউন্ডেশনের সহযোগিতায় সারাদেশে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে নিহত প্রতিটি শহীদ পরিবারকে তিন লক্ষ টাকা অনুদান হিসেবে প্রদান করবে জাতীয় বিশ্ববিদ্যালয় প্রশাসন যা নিয়ে ইতোমধ্যে সিডিকেটে তিনি সিদ্ধান্ত নিয়েছেন। এছাড়াও জাতীয় বিশ্ববিদ্যালয়ে চাকরীর ক্ষেত্রে ভবিষ্যতে বৈষম্যবিরোধী আন্দোলনে শহীদ পরিবারের সদস্যদের অগ্রাধিকার দেয়া হবে বলে তিনি নিশ্চিত করেন। এ অনুষ্ঠানে গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য জি কে এম মোস্তাফিজুর রহমান, নওগাঁ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হাছানাত আলী এবং বগুড়া জেলা পুলিশ সুপার জনাব জেদান আল মুসা, পিপিএম। অনুষ্ঠানের শুরুতে জাতীয় সংগীত পরিবেশনার মধ্য দিয়ে জাতীয় পতাকা উত্তোলন করেন উপাচার্য অধ্যাপক ড. এ এস এম আমানুল্লাহ। তারপর শান্তির পায়রা অবমুক্ত করে শহীদদের স্মরণে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করেন তিনি। প্রধান অতিথির বক্তব্যে ছাত্র শিক্ষক সম্পর্ক জোরদার ও সকল কলেজ এবং অধিভুক্ত প্রতিষ্ঠানে আইসিটি ও কর্মমুখী শিক্ষার উপর গুরুত্ব দেন তিনি। উপাচার্য বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল প্রতিষ্ঠানে শহীদ বীর আবু সাঈদ এবং বীর মুক্তার নামে ভবন এবং নতুন ছাত্রনার নামকরণ করা হবে। ঐতিহাসিক বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলার মোকামতলা মহিলা ডিগ্রী কলেজ চত্বরে আয়োজিত সমাবেশে বগুড়ায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের নতুন আঞ্চলিক কেন্দ্র নির্মাণেরও ঘোষণা দেন উপাচার্য।

বার্তা শ্রেণক

মোঃ মোস্তাফিজুর রহমান
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়